



WEST BENGAL STATE UNIVERSITY  
B.A. Honours 4th Semester Examination, 2023

**BNGACOR10T-BENGALI (CC10)**

**সাহিত্যের রূপরীতি ও ভারতীয় সাহিত্যতত্ত্ব**

Time Allotted: 2 Hours

Full Marks: 50

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।  
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

১। নিম্নলিখিত প্রতিটি একক থেকে একটি করে মোট চারটি প্রশ্নের উত্তর দাওঃ ১০×৪ = ৪০

**একক-১**

(ক) গীতিকাব্য কাকে বলে ? গীতিকাব্যের বৈশিষ্ট্যগুলি আলোচনা করে একটি সার্থক গীতিকাব্যের পরিচয় দাও। ২+৪+৪

**অথবা**

(খ) একাঙ্ক নাটক বলতে কী বোঝায় ? বাংলা সাহিত্যের যে-কোনো একটি উল্লেখযোগ্য একাঙ্ক নাটকের পরিচয় দাও। ৬+৪

**একক-২**

(গ) ব্যক্তিগত ডায়েরি কীভাবে বহুজনের আশ্রয় হয়ে ওঠে ? একটি সাহিত্য-পদবাচ্য ডায়েরির বিষয় ও রীতি বিশ্লেষণ করো। ৫+৫

**অথবা**

(ঘ) মনস্তাত্ত্বিক উপন্যাসের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করে একটি সার্থক মনস্তাত্ত্বিক উপন্যাসের পরিচয় দাও। ৫+৫

**একক-৩**

(ঙ) 'কাব্যং গ্রাহ্যমলংকারাৎ' — এই অভিমত কতদূর সঙ্গত এ-বিষয়ে তোমার অভিমত দাও। ১০

**অথবা**

(চ) 'কাব্যনির্মাণ কৌশলের তিন ভাগ।' — ভাগগুলি কী কী ? প্রসঙ্গত ভাগগুলি সম্পর্কে বিস্তারিত আলোচনা করে কীভাবে রসনিষ্পত্তি হয়, ব্যাখ্যা করো। ২+৮

একক-৪

(ছ) “জগতের উপর মনের কারখানা বসিয়াছে এবং মনের উপর বিশ্বমনের কারখানা – সেই উপরের তলা হইতে সাহিত্যের উৎপত্তি” — মন্তব্যটি ব্যাখ্যা করো। ১০

অথবা

(জ) “সাহিত্যই মানবহৃদয়ে সেই ধ্রুব অসীমের বিকাশ” — প্রসঙ্গ উল্লেখ করে মন্তব্যটির যথার্থ্য বিচার করো। ১০

২। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ৫×২ = ১০

(ক) টীকা লেখোঃ (যে-কোনো একটি)

গদ্যকাব্য, নৃত্যনাট্য।

(খ) টীকা লেখোঃ (যে-কোনো একটি)

পত্রসাহিত্য, সামাজিক উপন্যাস।

(গ) ‘রীতিরাত্মা কাব্যস্য’ — আলোচনা করো।

(ঘ) “রচনার মধ্যেই লেখক যথার্থরূপে বাঁচিয়া থাকে; ভাবের মধ্যে নহে, বিষয়ের মধ্যে নহে।” — আলোচনা করো।

—x—